

গুণীজনের মতামত

আব্দুর রউফ চৌধুরী ছিলেন পশ্চাৎপদ ধ্যান-ধারণার উর্ধ্ব মুক্তবুদ্ধি সম্পন্ন লেখক ।
- সৈয়দ আনোয়ার হোসেন ।

মুক্তি-সংগ্রামে তাঁর অংশগ্রহণ ছিল অত্যন্ত দৃঢ় ।
- শামসুজ্জামান খান ।

সাহিত্যকে যদি আমরা জীবন ও ভাষার উপর নির্মিত একটা শিল্প হিসেবে ধরে নেই, তাহলে রউফ অবশ্যই একজন দ্রোহী শিল্পী ।
- হাশেম খান ।

তাঁর একটা স্বপ্ন ছিল- সে স্বপ্ন ছিল বিশাল । তাঁর একটা চেষ্টা ছিল- সে চেষ্টা ছিল ব্যাপক ।
- মহাদেব সাহা ।

মুক্তিযুদ্ধের যে বৈশিষ্ট্যগুলো আমরা দেখি তাঁর রচনায় সেগুলো হচ্ছে- গণতন্ত্র, জাতীয়তাবাদ, সমাজতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতা ।
- ড. মুনতাসীর মামুন ।

ঢাকার শিক্ষিত ব্যক্তিগণ আরজ আলী মাতুব্বরকে আবিষ্কার করে খুব অবাক হলেন । ঠিক তেমনি আমরা আরেকবার অবাক হবো যদি আব্দুর রউফ চৌধুরীকে আবিষ্কার করি ও তাঁর রচনাবলী পড়ি ।
- ড. রাজীব হুমায়ূন ।

সাধারণ মানুষের মুক্তি, মর্যাদা ও অধিকার প্রতিষ্ঠার জন্যই আব্দুর রউফ চৌধুরী সংগ্রাম করেছেন আজীবন; প্রচার করেছেন তাঁর বিপ্লবী দর্শন ।
- সানরাইজ রেডিও, বাংলা বিভাগ ।

তাঁর সাহিত্যের বিষয় বিচিত্রধর্মী, প্রকরণে সমৃদ্ধ ।
- ড. মনিরুজ্জামান ।

রউফ স্বজ্ঞানে বা অজ্ঞানে সাহিত্যের নিউ রিয়েলিজমের মধ্যে ছিলেন । ঢাকায় থাকলে তিনি হতেন ওয়ান অফ দি গ্রেটস্ট রাইটার অফ বাংলাদেশ ।
- আবদুল গাফফার চৌধুরী

আন্তর্জাতিকতা বলতে আমরা বুঝি যেখানে আধিপত্য নেই, আত্মসন নেই। রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম আন্তর্জাতিকায় বিশ্বাসী ছিলেন। ঠিক তেমনি আব্দুর রউফ চৌধুরীও বিশ্বাস করতেন। আর তাঁর সেই বিশ্বাস মানুষের মুক্তির জন্য কাজ করার উদ্দীপনা জাগাচ্ছে।

– ড. সিরাজুল ইসলাম চৌধুরী।

ধর্মান্ধতা ও সাম্প্রদায়িকতা এ দু'টিই ধর্মবিরোধী। মানুষের ক্ষুদ্র পরিচয়ের উর্ধ্ব ওঠাই হচ্ছে মনুষ্যত্বের শিক্ষা। যখনই দেখবেন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আমরা লড়াই করছি তখনই মনে করবেন আব্দুর রউফ চৌধুরী আমাদের পাশে আছেন।

– হাসান আজিজুল হক।

সাম্রাজ্যবাদ ও মৌলবাদের বিরুদ্ধে এক সাথে দাঁড়াতে হবে। কেউ খাবে, কেউ খাবে না তা চলতে পারে না। জীবনের জন্য বাঁচার সংগ্রাম চলবেই। এই সংগ্রামে রউফ চৌধুরী আমাদের পথ পদর্শক।

– কমরেড বরণ রায়।

একবিংশ শতক বা নতুন সহস্রাব্দের মৌলিক চিন্তা, বোধ, কর্মস্পৃহা ও কর্মপ্রবৃত্তি জাগানোর তিনি যেন এক অনন্য স্মারক। তাঁর তুলনা তিনি নিজে। তাই তিনি একক। তাঁর দর্শন, সমাজ চিন্তা ও দৃঢ়দৃষ্টতা প্রকাশই প্রমাণ করে তিনি আর পাঁচজনের মাঝে হারিয়ে যাবার নন।

– ড. মনিরুজ্জামান।

তিনি গল্প কাঠামো তৈরির বেলাতে যা প্রমাণ করেছেন তা একজন সুধাম গদ্যকারের পক্ষেই সম্ভব। তা অধিক শক্তিশালী ও সাফল্যের দাবিদার।

– ড. রাজিয়া খান।

কথাসিন্ধুসুলভ বিচিত্র অভিজ্ঞতায় ভরপুর ছিল লেখকের জীবন। আব্দুর রউফ চৌধুরী তাঁর জীবনটি-দৃষ্টি উপন্যাসের [পরদেশে পরবাসী'র] প্রতি অধ্যায়ে উন্মোচন করেছেন, গোপন করেননি কোথাও। এই অন্যরকম স্বাদযুক্ত উপন্যাসটি আমাদের অন্য এক আলোর-আকাশে মুক্তি দেবে।

– আব্দুল মান্নান সৈয়দ।

আব্দুর রউফ চৌধুরী প্রকৃতপক্ষে একজন মানবপ্রেমী লেখক ছিলেন। সকল অন্যায়ে-অনিয়মের বিরুদ্ধে তাঁর লেখনী ছিলো সদা সোচ্চার। কখনোই অসত্যের সঙ্গে আপস করেন নি।

– অধ্যাপক মোহাম্মদ রফিক।

আব্দুর রউফ চৌধুরী তাঁর নিজস্ব আলো দিয়ে নতুন ভাবে বাংলার মুখ উজ্জ্বল করবেন ।
– ড. সৈকত আসগর ।

তিনি প্রবাস জীবনের পটভূমিকে ব্যবহার করে মানুষের গভীর রহস্যকেই উদঘাটন করেছেন ।
– জুনায়েদুল হক ।

সামাজিক অত্যাচার-অনাচার, কুসংস্কার এবং মৌলবাদের অপ্রতিরোধ্য প্রসারমানতা এবং মুক্তিযুদ্ধের কাহিনী অবলম্বনে মুক্তিযুদ্ধের চেতনা প্রতিফলনে তিনি ছিলেন একনিষ্ঠ । তাঁর গল্পে ঘুরে ফিরে এই বিষয়গুলো ছায়া ফেলেছে ।
– অনিরুদ্ধ কাহালি ।